গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(তথ্য ও অভিযোগ শাখা)
www.sylhet.gov.bd.

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪২২ / ০৯ ডিসেম্বর ২০১৫

স্মা[illegible] ০৫.৪৬.৯১০০.০২১.০৬.০০১.১২-২৮৭ (১২০)

বিষ[illegible] - **এনজিও বিষয়ক সভা আহ্বান**।

[illegible]াগামী ১৩/১২/২০১৫ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সভাপতিত্বে সিলেট জেলা পরিষদ এর অ[illegible]য়ামে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় জনাব গোলাম মেজবাহ উদ্দিন, পরিচালক, এনজিও বিষয়ক ব্যু[illegible]ধানমন্ত্রীর কার্যালয়,ঢাকা উপস্থিত থাকবেন। সভা অনুষ্ঠানের কমপক্ষে একদিন পূর্বে এনজিও সংস্থা সমূহকে তাদের কাজের বিবরণীসহ কা[illegible] কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০২। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মো: শহিদুল ইসলাম চৌধুরী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সিলেট।
ফোনঃ ০৮২১-৭১৪১২০(অফিস)
E-mail:adcgsylhet@mopa.gov.bd

.........................................................................................

.........................................................................................

[illegible] ঃ **সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

[illegible]মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট) , বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০।
[illegible] নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।
[illegible]শ সুপার, সিলেট।
[illegible]িল সার্জন, সিলেট।
[illegible]জেলা পরিষদ চেয়ারম্যান--------------------------------------------------------(সকল), সিলেট।
[illegible]হী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
নি[illegible]হী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
[illegible]-পরিচালক........................................................................................ সিলেট।
[illegible]জেলা নির্বাহী অফিসার-----------------------------------------------------(সকল), সিলেট।
[illegible]লা শিক্ষা অফিসার , সিলেট।
[illegible]লা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
[illegible]লা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, সিলেট।
জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট।
[illegible]জারত ডেপুটি কালেক্টর, সিলেট। নির্ধারিত তারিখ ও সময়ে আমন্ত্রিত (আনুমানিক) ১২০ (একশত বিশ ) জন অতিথির চা-নাস্তা [illegible]রবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
[illegible]হকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। নোটিশটি ওয়েব সাইডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
[illegible]োপনীয় সহকারী, জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য।
[illegible]োপনীয় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা), সিলেট। অতিরিক্ত জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
[illegible]ফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
(তথ্য ও অভিযোগ শাখা)
www.sylhet.govt.bd

**নভেম্বর/২০১৫ সালে অনুষ্ঠিত এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণি:**

| | |
|---|---|
| সভাপতি | : মো: জয়নাল আবেদীন, জেলা প্রশাসক, সিলেট । |
| সভার স্থান | : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সিলেট। |
| সভার তারিখ ও সময় | : ১৫ নভেম্বর, ২০১৫ বিকাল ৩.৩০ ঘটিকা । |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক"। |

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। হয়। সভাপতির অনুমতিক্রমে ভারপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য ও অভিযোগ শাখা বিগত সভার কার্যবিবরণি সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণিতে কোনরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

**বিস্তারিত আলোচনা :**

সভার শুরুতেই সিলেট জেলার মুক্তিযোদ্ধাদের সাহায্যার্থে অত্র কার্যালয় হতে গঠিত তহবিল নিয়ে আলোচনায় দেখা যায় যে, অনেকগুলো এনজিও এখনও পর্যন্ত কোন অর্থ জমা দেননি। এ সংক্রান্ত বিষয়ে এওয়ার্ডের নির্বাহী পরিচালক মুক্তিযোদ্ধা জনাব কাজী মো: আবুল কালাম [illegible] ক্ষোভ প্রকাশ করে বলেন যে, দীর্ঘদিন থেকে এ বিষয়টি অনিষ্পন্ন অবস্থায় থাকায় একজন মুক্তিযোদ্ধা হিসাবে তিনি লজ্জা ও অপমান বোধ করছেন। তাছাড়া এনজিও পোর্টাল সংক্রান্ত আলোচনায় দেখা যায় অনেকগুলো এনজিও এখন পর্যন্ত কোন টাকা জমা করেননি আবার [illegible] ভাগ এনজিও সংস্থা যথাযথ ফরমেটে কোন তথ্য প্রদান করেননি।

জনাব মোহাম্মদ ইউসুফ আলী, পরিচালক, এসও এস শিশু পল্লী, সিলেট সভাকে অবহিত করেন যে, সংস্থাটি অক্টোবর মাসে আর্ন্তজাতিক শিশু অধিকার সপ্তাহ উদযাপন করে। তাছাড়াও সমাজের সুবিধা বঞ্চিত ৩০ টি পরিবারের মধ্যে শিশুদের জন্য ৩০ সেট টেবিল, ৬০ সেট চেয়ার [illegible] সেট সৌর বিদুৎ বিতরণ করেছে।

জনাব বিভাষ চন্দ্র তরফদার, জেলা ব্র্যাক প্রতিনিধি, ব্র্যাক, সিলেট তার বক্তব্যে বলেন, সংস্থাটি ৪৮টি হত দরিদ্র পরিবারের মাঝে বিনামূল্যে [illegible], ছাগল, হাঁস-মুরগী বিতরণ করেছে। তাছাড়াও ৩৬৩১ জনকে ১৮ কোটি টাকা ঋণ, ৭০ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ, ৩৪৩২ জনকে চিকিৎসা সেবা, ১৪৮ জন গর্ভবতী মাকে নিরাপদ ডেলিভারী, ৭৯ জনকে যক্ষা রোগের চিকিৎসা সেবা প্রদান করেছে। তিনি আরো জানান , সংস্থাটি তত্ত্বাবধানে ৬৬৩ টি প্রাইমারী ও ৩৪২ টি প্রি- প্রাইমারী স্কুল চলমান রয়েছে।

জনাব সাইলাস দাস গুপ্ত, সিনিয়র এডিপি ম্যানেজার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, সিলেট তাঁর বক্তব্যে জানান, সংস্থাটি স্যানিটেশন মাস উদযাপন করেছে ৪০টি সেশনে, হাত ধোয়া দিবস উপলক্ষে ৫০০ সাবান বিতরণ করেছে। নিউট্রিশন সহায়তাকারী ৩৮ জনকে প্রশিক্ষণ প্রদান করেছে এবং পুষ্টি কার্যক্রম পরিচালনার জন্য ৪০ টি গ্রাম নির্বাচন করেছে।

জনাব মু: ছাদিকুল আলম, নির্বাহী পরিচালক, আরজদ আলী স্মৃতি কল্যাণ পাঠাগার, সিলেট সভাকে অবহিত করেন যে, সংস্থাটি ১লা নভেম্বর ২০১৫ জাতীয় যুব দিবস উদযাপন করেছে। তাছাড়া সংস্থাটি ১৪ নভেম্বর, ২০১৫ জাতীয় ভিটামিন 'এ' ক্যাম্পেইনের মাধ্যমে সিলেট মহানগরীতে মোট ২১টি ভ্রাম্যমান ক্যাম্পে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর ব্যবস্থা করেছে।

জনাব মো: ফরিদ মিয়া, ব্রাঞ্চ ম্যানেজার, আশা, সিলেট তার বক্তব্যে বলেন, সংস্থাটি ক্ষুদ্র ঋণের পাশাপাশি প্রাথমিক শিক্ষা শক্তিশালী করণ কর্মসূচি, আশা স্বাস্থ্য সচেতনতা মূলক কর্মসূচি, রেমিটেন্স কর্মসূচি, স্যানিটেশন কর্মসূচি কার্যক্রম পরিচালনা করছে। তাছাড়া সংস্থাটি অক্টোবর/১৫ মাসে ২৩,৬৯,৬১,০০০/= (তেইশ কোটি উনসত্তর লক্ষ একষট্টি হাজার) টাকা ঋণ বিতরণ করেছে এবং এর পাশাপাশি ৩২০০ জন ছাত্র ছাত্রীকে প্রাথমিক শিক্ষা শক্তিশালী করণ কর্মসূচিতে অর্ন্তভুক্ত করেছে।

জনাব মো: খ .ম আবেদ উল্লা, প্রজেক্ট ম্যানেজার, সিএসআইডি, সিলেট সভাকে অবহিত করেন, সংস্থাটি মূলত প্রতিবন্ধীদের নিয়ে কাজ করে। সংস্থাটি প্রতিবন্ধী শিশুদের সুরক্ষা, নির্যাতনের লক্ষণ ও শিশু আইন বিষয়ক প্রশিক্ষণ এবং স্কুল সচেতনতা সভা : প্রতিবন্ধিতা, শিশু সুরক্ষা ও শিশু আইন বিষয়ে সচেতনতা, শিশু অধিকার সপ্তাহ পালন, কারিগরি প্রশিক্ষণ প্রদান, থেরাপী সার্ভিস প্রদান বিশ্ব সাদা ছড়ি দিবস পালন সহ অন্যান্য কর্মসূচি পালন করছে।

চলমান পাতা-০২

জনাব জিয়াউর রহমান, আঞ্চলিক প্রকল্প ব্যবস্থাপক, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ, সিলেট সভাকে অবহিত করেন, সংস্থাটি সামাজিক সুরক্ষাদলের ত্রৈমাসিক সভা করেছে ৬টি, পারিবারিক নির্যাতন প্রতিরোধে তাদের ভূমিকা শীর্ষক বালাগঞ্জ ও ওসমানীনগর উপজেলার কমিউনিটি পুলিশকে প্রশিক্ষণ প্রদান করেছে, উঠান বৈঠক করেছে ১২৬টি, ৩টি ইউনিয়নে ইউনিয়ন পর্যায়ে শালিশ লিটারেসী ট্রেনিং প্রদান করেছে। তাছাড়া বালাগঞ্জকে বাল্য বিবাহ মুক্ত ঘোষণায় ইউনিয়ন পর্যায়ে ৩৬টি ওয়ার্ড মিটিং করেছে।

জনাব শাহ শাহিদ আহমদ, সিনিয়র প্রোগ্রাম অফিসার, ইসলামিক রিলিফ বাংলাদেশ, সিলেট সভাকে অবহিত করেন, সংস্থাটি চলতি মাসে ডিপেকো অধীনে সিলেট সিটি কর্পোরেশনের ৯টি ওয়ার্ডের ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি রিফর্ম করেছে। ইসলামিক রিলিফ অস্ট্রেলিয়া অর্থায়নে গোয়াইনঘাট উপজেলার পশ্চিম জাফলং ও রুস্তমপুর ইউনিয়নে ৫০০টি স্বাস্থ্যসম্মত লেট্রিন ও-৭০টি নলকূপ বসানোর কাজ শুরু করেছে।

জনাব মশিউর রহমান, বিভাগীয় সমন্বয়কারী (ভারপ্রাপ্ত) ইউসেপ বাংলোদেশ, সিলেট সভাকে অবহিত করেন যে, সংস্থাটি সিলেট সিটি শহরে ৫ টি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শহরের শ্রমজীবি শিশুদের ৮ম শেণী পর্যন্ত সমন্বিত সাধারণ ও কারিগরি শিক্ষা প্রদান করছে। সমন্বিত সাধারণ শিক্ষা কার্যক্রম, কারিগরি শিক্ষা কার্যক্রম, চাইল্ড এ্যান্ড উইমেন রাইটস এ্যাডভোকেসি কর্মসূচী (সি ডাব্লিউ আর এ), সেক্সচুয়াল রিপ্রোডাকটিভ হেলথ রাইটস কর্মসূচী, এ্যামপ্লয়মেন্ট সাপোর্ট সার্ভিস কর্মসূচীর মাধ্যমে ছাত্র ছাত্রীদেরকে শিক্ষা প্রদান করছে।

জনাব ঝুমা রানী দাশ, প্রোগ্রাম সাপোর্ট অফিসার, আর ডব্লিউ. ডি.ও, সিলেট তার বক্তব্যে বলেন, সংস্থাটি প্রতি ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ে ল্যাকটেটিং মাদার ভাতা প্রদান, ভুক্তভোগী মহিলাদের প্রজনন স্বাস্থ্য শিক্ষা প্রদান করছে। তাছাড়াও প্রতিটি ওয়ার্ডে এডভোকেসি ওয়ার্কশপ, বস্তি জনগোষ্ঠীকে প্রজনন স্বাস্থ্য সচেতনতা প্রদান করছে।

জনাব নীহার রঞ্জন দাস, ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ, সিলেট তার বক্তব্যে জানান যে, আরএইচস্টেপ, এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল কেন্দ্রে মা ও শিশু স্বাস্থ্য নিয়ে কাজ করে। ১৯৮৪ সাল থেকে বাংলাদেশের সকল মেডিকেল কলেজ হাসপাতালে আরএইচস্টেপ কাজ করছে। গত অক্টোবর/১৫ মাসে এম আর সেবা, কাউন্সিলিং,আল্টাসনোগ্রাম, প্যাথলজী সহ অন্যান্য সেবা প্রদান করা হয়েছে। তাছাড়া আরএইচস্টেপ আলোরধারা প্রকল্পের মাধ্যমে স্বাস্থ্য পরামর্শ, ফলোআপ, আয়বর্ধক প্রশিক্ষণ (ব্লক, বাটিক, এ্যামবোশ) প্রদান কার্যক্রম চলমান রয়েছে।

জনাব ফারুক আহমদ, প্রোগ্রাম অফিসার, হাসাব, সিলেট সভাকে অবহিত করেন সংস্থাটি, সিলেট জেলায় ২০১৩ সন থেকে SRHR সংক্রান্ত বিষয়ের উপর ১০-১৯ বছরের কিশোর-কিশোরীদের সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে দাতা সংস্থা অক্সফাম কর্তৃক অর্থায়ন বন্ধ হয়ে যাওয়ার কারণে নভেম্বর ২০১৫ এর পর সিলেটের সকল কার্যক্রম বন্ধ হয়ে যাবে বলে হাসাব প্রতিনিধি সভাকে অবহিত করেন।

জনাব সোহেল আহমদ, এফ এফ, প্রচেষ্টা, গোলাপগঞ্জ, সিলেট তার বক্তব্যে বলেন, সংস্থাটি দলভিত্তিক সংগঠন সদস্যদের আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান, দল ব্যবস্থাপনার বিষয়ক প্রশিক্ষণ, নেতৃত্ব উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান সহ ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ প্রশমন দিবস পালন করেছে।

মহান বিজয় দিবস, ২০১৫ উদযাপন উপলক্ষ্যে সকল এনজিও সংস্থাকে সার্বিক সহযোগিতাসহ বিজয় দিবসের সকল ধরণের কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

তাছাড়া এনজিও বিষয়ক কার্যক্রম সংক্রান্ত সার্বিক আলোচনায় বিভিন্ন এনজিও সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন।

<u>সিদ্ধান্তসমূহ:</u>

০১. সিলেট জেলার মুক্তিযোদ্ধাদের সাহায্যার্থে অত্র কার্যালয় হতে গঠিত তহবিল বৃদ্ধিতে মাত্র ৩০টি এনজিও টাকা জমা দিয়েছেন এবং অবশিষ্ট ৪৪ টি এনজিও অদ্যাবধি কোন অর্থ প্রদান করেননি। তাদেরকে জনতা ব্যাংক লি: শেখঘাট শাখা, সিলেট এ সঞ্চয়ী হিসাব নং-৫৪... আবশ্যিকভাবে অর্থ জমা দানের সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। তাদের তালিকাও আলাদাভাবে প্রকাশ করা হবে।

০২. এনজিও পোর্টালে ও এখন পর্যন্ত মোট ৪১টি এনজিও টাকা জমা দিয়েছেন। অবশিষ্ট এনজিও গুলোকে জেলা প্রশাসক, সিলেট এর এনজিও পোর্টাল, চলতি হিসাব নং ৫০২০০০৩১৭, সোনালী ব্যাংক লিমিটেড, কোর্ট বিল্ডিং শাখা, সিলেট এ টাকা জমাদানের জন্য পুনরায় অনুরোধ করা হয়। ওয়েব পোর্টালের কাজ দ্রুত শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩. মে/১৫ মাসের এনজিও সমন্বয় সভার সিদ্ধান্ত মতে এনজিও পোর্টাল সংক্রান্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তথ্য প্রদানের ফরমেটটি ইতোমধ্যে ই-মেইলের মাধ্যমে সকল এনজিও বরাবরে প্রেরণ করা হয়েছে। ইতিমধ্যে ৭/৮টি এনজিও সংস্থা তাদের কার্যক্রমের উপর নির্ধারিত ফরমেটের মাধ্যমে তাদের প্রতিবেদন দাখিল করেছেন। যে সকল এনজিও সংস্থা এখন ও পর্যন্ত এনজিও প্রোফাইল দাখিল করেননি তাদেরকে আগামী ১০ দিনের মধ্যে dcsylhet@gmail.com এই ঠিকানায় সফট কপি এবং তথ্য ও অভিযোগ শাখায় হার্ডকপি জমা দানের সিদ্ধান্ত গৃহীত হয়। বাংলা লেখার সময় সবাইকে আবশ্যিকভাবে ইউনিকোড ব্যবহারের পরামর্শ প্রদান করা হয়।

০৪ বিগত মে/১৫ মাসের এনজিও সমন্বয় সভার ০৪ নং সিদ্ধান্তের আলোকে এফআইভিডিবি কর্তৃক পরিচালিত স্কুল সমূহের বিস্তারিত তথ্য ক্রমক্রমে প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, কানাইঘাট, জকিগঞ্জ, সিলেটকে অনুরোধ করা হয়েছে।

...মধ্যে সিলেট সদর, দক্ষিণ সুরমা এবং জৈন্তাপুর হতে প্রতিবেদন পাওয়া যায়। অবশিষ্ট উপজেলা নির্বাহী অফিসারদের তাগিদ প্রদানে... গৃহীত হয়। ইতিমধ্যে তাগিদ প্রদান করা হয়েছে।

... সভায় প্রতিটি এনজিও সংস্থাকে জেলা প্রশাসকের নিকট প্রত্যয়নপত্রের জন্য আবেদনের সময় সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিস... নিকট থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহপূর্বক মূল আবেদনের সংঙ্গে আবশ্যিকভাবে দাখিল করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

... নভেম্বর, ২০১৫ মাসে অনুষ্ঠিত এনজিও সমন্বয় সভায় ইসলামিক রিলিফ তাদের কার্যক্রমের উপর সচিত্র প্রতিবেদন উপস্থাপন করায় ... পক্ষ থেকে সংস্থাটিকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং আগামী সভায় CSID এবং আইডিয়া তাদের প্রতিষ্ঠানের কার্যক্রমের উপর সচিত্র ...বেদন উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

...তঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(মোঃ শহীদুল ইসলাম চৌধুরী)
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
সিলেট।
ফোন : ০৮২১-৭১৬১০০ (অঃ)
mail: dcsylhet @ mopa. gov.bd.

তারিখ : ১৮ অগ্রহায়ন ১৪২২ / ০২ ডিসেম্বর ২০১৫

স্মারক ...৪৬.৯১০০.০২১.০১.০০৬.১১-২৬৩(১২০)

বিতর... কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )

১। ম... ...লক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী স্মরণী, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০।
২। ...নার, সিলেট বিভাগ, সিলেট।
৩। ...ব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ১ম সংলগ্নী ভবন (৭ম তলা), ঢাকা-১০০০।
৪। ...পার, সিলেট।
৫। ...সার্জন, সিলেট।
৬। ... চেয়ারম্যান----------------------------------------------------------(সকল), সিলেট।
৭। ...প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৮। ...প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৯। ... নির্বাহী অফিসার--------------------------------------------------(সকল); সিলেট।
১০ ...চালক-----------------------------------------------------------সিলেট।
১১। ...শিক্ষা অফিসার , সিলেট।
১২। ...প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
১৩। ...ত্রাণ ও পূর্নবাসন অফিসার, সিলেট।
১৪ ...মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট।
১৫। ...ম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
১৬। ...................................................................., সিলেট
১৭। ...য় সহকারী, জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৮ ...য় সহকারী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা), সিলেট।
১৯ ...ন কপি/ মাস্টার কপি ।

02.12.15
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
ফোন : ০৮২১-৭২৬৬২৬ (অঃ)

পরিশিষ্ট "ক"

**[illegible]স্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে):**

০১. [illegible]ফিজ নজমুল ইসলাম, চেয়ারম্যান গোলাপগঞ্জ, উপজেলা, সিলেট।
০২. [illegible]ম্মদ নুরুল আবছার খাঁন, এ এস পি, এস এ এফ,সিলেট।
০৩. [illegible]: আমির আজম খান, উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
০৪. [illegible] মো: নাজমুল হুদা, সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট।
০৫. [illegible]: আতিকুল ইসলাম, প্রজেক্ট ম্যানেজার, সিলেট।
০৬. [illegible] **মাহমুদ, প্রজেক্ট ম্যানেজার, জিডিএফ, সিলেট।**
০৭ [illegible]মিদা সুলতানা, ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, UKBET, সিলেট।
০৮. [illegible]হীন মাহমুদ, (FF, IRB), সিলেট।
০৯. [illegible]বুর রহমান, সেক্রেটারী, কমিউনিটি ডেভেলপমেন্ট সোসাইটি (CDS), সিলেট।
১০. [illegible]: নূরুল ইসলাম, রিডো অব বাংলাদেশ, সিলেট।
১১. [illegible]রিন সুলতানা সিলেট।
১২. [illegible]ব দাস, কো-অর্ডিনেটর, (এসজেএ), সিলেট।
১৩ [illegible]র রহমান খান, কো-অর্ডিনেটর, EHDS, সিলেট।
১৪. [illegible]না শিরীন আক্তার এডভোকেট, বিভাগীয় প্রধান, বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবি সমিতি।
১৫. [illegible]ন্না আহমদ, এডভোকেসী এসোসিয়েট, আইডিয়া, সিলেট।
১৬. [illegible] বণিক, সিনিয়র হেলথ এডুকেশন অফিসার, সিলেট।
১৭. [illegible] আহমদ চৌধুরী, নির্বাহী পরিচালক, নি:স্ব সহায়ক সংস্থা, সিলেট।
১৮. [illegible] চন্দ্র তরফদার, জেলা ব্র্যাক প্রতিনিধি, ব্র্যাক. সিলেট ।
১৯. [illegible] আহমদ চৌধুরী, পনসেটি প্র্যাকটিশনার, দি গ্নেনকো ফাউন্ডেশন,সিলেট।
২০. [illegible]ব বেগম খান, গ্রামীন জনকল্যাণ সংস্থা, সিলেট।
২১. [illegible] কাছেদুল জান্নাত, এরিয়া ম্যানেজার, TMSS, সিলেট।
২২. [illegible]ার মো: আবেদ উল্লা, প্রজেক্ট ম্যানেজার, সি এস আই ডি, সিলেট।
২৩. [illegible]: আব্দুল হান্নান, কো-অর্ডিনেটর, যমযম বাংলাদেশ, সিলেট।
২৪. [illegible]ল মাওলা চৌধুরী, কো-অর্ডিনেটর, নি:স্ব সহায়ক সংস্থা, সিলেট।
২৫. [illegible] মো: আবুল কালাম আজাদ, নির্বাহী পরিচালক, এওয়ার্ড, সিলেট ।
২৬. [illegible] কৃষ্ণ সাহা, এরিয়া ম্যানেজার, টিআইবি, সিলেট।
২৭. [illegible]ির রহমান, আঞ্চলিক প্রকল্প ব্যবস্থাপক, প্লান ইন্টা: বাংলাদেশ।
২৮. [illegible] রানী দাশ, প্রোগ্রাম সাপোর্ট অফিসার, RWDO, সিলেট ।
২৯ [illegible]তুন নাসরিন, ফিল্ড ফ্যাসিলিটেটর, RWDO, সিলেট।
৩০. [illegible]র পারভীন, জেলা সমন্বয়কারী, হীড বাংলাদেশ, সিলেট ।
৩১. [illegible]ম্মদ ইউসুফ আলী, পরিচালক, এস ও এস শিশুপল্লী, সিলেট ।
৩২. [illegible]ম উদ্দিন, সমন্বয়ক, বি, পিইপি, এফআইভিডিবি, সিলেট ।
৩৩ [illegible]: বাবুল আখতার, বিভাগীয় সমন্বয়কারী, এডাব, সিলেট।
৩৪. [illegible]: ফরিদ মিয়া, ব্রাঞ্চ ম্যানেজার, আশা, সিলেট ।
৩৫. [illegible] আহমদ, প্রোগ্রাম অফিসার, হাসাব, সিলেট ।
৩৬. [illegible] এস এম রুহল আমিন, প্রজেক্ট কো-অর্ডিনেটর, সীমান্তিক, সিলেট ।
৩৭. [illegible]: সেলিম খান, প্রকিউরমেন্ট অফিসার, ইউসেপ-বাংলাদেশ, সিলেট।
৩৮. [illegible]: আওলাদ হোসেন, আঞ্চলিক ব্যবস্থাপক, বুরো বাংলাদেশ, সিলেট।
৩৯. [illegible]প সমদ্দার, সহকারী ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ, সিলেট ।
৪০. [illegible] রঞ্জন দাস, ইউনিট ম্যানেজার, আরএইচস্টেপ, সিলেট।
৪১. [illegible]রীফুজ্জামান, আঞ্চলিক প্রকল্প ব্যবস্থাপক, প্রিপট্রাস্ট, সিলেট।
৪২. [illegible]াহেদুর রহমান, মনিটরিং অফিসার, SSKS, সিলেট।
৪৩. [illegible]: সাইলাস দাস গুপ্ত, ওয়ার্ল্ড ভিশন, সিলেট।
৪৪. [illegible]. ওয়াহিদ চৌধুরী, প্রোগ্রাম অফিসার, ব্র্যাক, সিলেট ।
৪৫. [illegible]িংহ, একডো, সিলেট।
৪৬. [illegible]াহিদ আহমেদ, সিনিয়র প্রোগ্রাম অফিসার, ইসলামিক রিলিফ বাংলাদেশ, সিলেট ।
৪৭. [illegible] ইসলাম কামাল, সমাজ উন্নয়ন সংস্থা সাস, সিলেট ।
৪৮. [illegible]িকুল আলম, নির্বাহী পরিচালক, আরজদ আলী স্মৃতি কল্যাণ পাঠাগার,সিলেট।
৪৯. [illegible]াহ সাহেদা, বিভাগীয় সমন্বয়ক, বেলা, সিলেট।
৫০. [illegible] লাল দাশ, প্রোগ্রাম অফিসার, মেরী স্টোপস, সিলেট।
৫১. [illegible] সুলতানা, ম্যানেজার ফাইন্যান্স এন্ড এডমিন,জেছিস, সিলেট।
৫২. [illegible] বানু, সহকারী পরিচালক, ভার্ড, সিলেট।
৫৩. [illegible] আহমদ, F.F উন্নয়ন প্রকল্প প্রচেষ্টা, গোলাপগঞ্জ।
৫৪. [illegible] ইয়াসমিন, কাউন্সিলর, সি ডি এস, সিলেট।
৫৫. [illegible]ালাম আযাদ, নির্বাহী পরিচালক, রাইজ ফাউন্ডেশন, সিলেট।

পরিশিষ্ট 'খ'

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:

১। উপ-মহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক, ঢাকা-১০০০।
২। উপজেলা চেয়ারম্যান, সিলেট। (গোলাপগঞ্জ ব্যতিত সকল)
৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
৭। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট।
০৯। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
১০। DD সমাজসেবা, সিলেট।
১১। জেলা শিক্ষা অফিসার, সিলেট।
১২।জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
১৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট।
১৪। প্রতিনিধি, এসডিএস, সিলেট।
১৫। প্রতিনিধি, বিএভিএস সিলেট।
১৬। প্রতিনিধি,), KRDA, কোম্পানীগঞ্জ সিলেট।
১৭। প্রতিনিধি, অনির্বাণ, সিলেট।
১৮। প্রতিনিধি, প্রতিবন্ধী নাগরিক পরিষদ, সিলেট।
১৯। প্রতিনিধি, নূরানী সমাজ কল্যাণ উন্নয়ন সংস্থা, সিলেট।
২০। প্রতিনিধি, সেভ দ্য চিলড্রেন।
২১। প্রতিনিধি, আরডিআরএস, বাংলাদেশ।
২২। প্রতিনিধি, হিউম্যান রাইটস, সিলেট।
২৩। প্রতিনিধি, মিশনারীস অব চ্যারিটি, খাদিমনগর
২৪। প্রতিনিধি, জীবিকা বহুমুখী সমাজ কল্যাণ সংস্থা।
২৫। প্রতিনিধি, পূর্বাশা যুব কল্যান সংস্থা, সিলেট।
২৬। প্রতিনিধি, সিলেট ডিফারেন্টলি এ্যাবল্ড ফাউন্ডেশন, সিলেট।
২৭। প্রতিনিধি, বৃক্ষছায়া, সমাজ উন্নয়ন সংস্থা, সিলেট।
২৮। প্রতিনিধি, FPAB, সিলেট।
২৯। প্রতিনিধি, আশার আলো সোসাইটি।
৩০। প্রতিনিধি, সৈয়দ নুরুদ্দিন আহমদ ফাউন্ডেশন।
৩১। প্রতিনিধি, বাংলাদেশ মহিলা পরিষদ।
৩২। প্রতিনিধি, BSWS, সিলেট।
৩৩। প্রতিনিধি, কার্ড, সিলেট।
৩৪। প্রতিনিধি, HDO, সিলেট।
৩৫। প্রতিনিধি, এ্যাডলো, সিলেট।
৩৬। প্রতিনিধি, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র, সিলেট।
৩৭। প্রতিনিধি, সিলেট জেলা মোটর সাইকেল ইঞ্জিনিয়ার এসোসিয়েশন, সিলেট।
৩৮। প্রতিনিধি, কো-অর্ডিনেটর, ব্লাস্ট, সিলেট।
৩৯। প্রতিনিধি, বেস, সিলেট।
৪০। প্রতিনিধি, মানবাধিকার বাস্তবায়ন সংস্থা, সিলেট।
৪১। প্রতিনিধি, কারিতাস, সিলেট।
৪২। প্রতিনিধি, এনজিও ফোরাম,ফর পাবলিক হেলথ।
৪৩। প্রতিনিধি, WORD, সিলেট।
৪৪। প্রতিনিধি, KYAG, সিলেট।
৪৫। প্রতিনিধি, পাসকপ, সিলেট।